

২০২২ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা



পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডিজে, সেক্টর- দুই, সল্টলেক, কোলকাতা - ৭০০ ০৯১

Help Desk No. : 033 2337-0792

ওয়েবসাইটঃ www.wbchse.nic.in/html/index.html



WEST BENGAL COUNCIL OF HIGHER SECONDARY EDUCATION

VIDYASAGAR BHAVAN
9/2, BLOCK-DJ, SECTOR-II, SALT LAKE
KOLKATA-700091

Memo No. DS(Exam)/ 03/2022

Date: 17/03/2022

Examination Programme

Higher Secondary Examination: 2022
NEW SYLLABUS

Date	Day	From 10.00 a.m. to 1.15 p.m.(MORNING)
02.04.2022	Saturday	Bengali (A), English (A), Hindi (A), Nepali (A), Urdu, Santhali, Odia, Telugu, Gujarati, Punjabi
04.04.2022	Monday	English (B), Bengali (B), Hindi (B), Nepali (B), Alternative English
05.04.2022	Tuesday	# Health Care , #Automobile, #Organised Retailing, #Security, #IT and ITES, # Electronics, # Tourism & Hospitality, # Plumbing, #Construction VOCATIONAL SUBJECTS
16.04.2022	Saturday	Mathematics, Psychology, Anthropology, Agronomy, History
18.04.2022	Monday	Economics
19.04.2022	Tuesday	Computer Science, Modern Computer Application, Environmental Studies, #Health & Physical Education, #Music, #Visual Arts
20.04.2022	Wednesday	Commercial Law and Preliminaries of Auditing, Philosophy, Sociology
22.04.2022	Friday	Physics, Nutrition, Education, Accountancy
23.04.2022	Saturday	Statistics, Geography, Costing and Taxation, Home Management and Family Resource Management
26.04.2022	Tuesday	Chemistry, Journalism & Mass Communication, Sanskrit, Persian, Arabic, French
27.04.2022	Wednesday	Biological Science, Business Studies, Political Science

The Examination will be held in only one paper on each day from 10.00 a.m. to 1.15 p.m. (3 hours and 15 minutes time is allotted both for reading question paper and writing answer) *except Health & Physical Education, Visual Arts, Music and Vocational Subjects.*

#The Examination of these subjects will be of two hours duration.

All Practical Examinations held between 15.02.2022 and 04.03.2022.

The Council may, if necessary, change the above dates with due intimation to all concerned.

Yeaser Arafat
17.3.22
Deputy Secretary (Examination)
W.B Council of H.S Education



WEST BENGAL COUNCIL OF HIGHER SECONDARY EDUCATION

VIDYASAGAR BHAVAN
9/2, BLOCK-DJ, SECTOR-II, SALT LAKE
KOLKATA-700091

Memo No. DS(Exam) / 03/2022

Date: 17/ 03/2022

Examination Programme

Annual Examination: 2022 (Class-XI)
NEW SYLLABUS

Date	Day	From 2.00 p.m. to 5.15 p.m.(AFTERNOON)
02.04.2022	Saturday	Bengali (A), English (A), Hindi (A), Nepali (A), Urdu, Santhali, Odia, Telugu, Gujarati, Punjabi
04.04.2022	Monday	English (B), Bengali (B), Hindi (B), Nepali (B), Alternative English
05.04.2022	Tuesday	# Health Care , #Automobile, #Organised Retailing, #Security, #IT and ITES, # Electronics, # Tourism & Hospitality, # Plumbing, #Construction, #Apparel, #Beauty and Wellness, #Agriculture, #Power – VOCATIONAL SUBJECTS
16.04.2022	Saturday	Mathematics, Psychology, Anthropology, Agronomy, History
18.04.2022	Monday	Economics
19.04.2022	Tuesday	Computer Science, Modern Computer Application, Environmental Studies, #Health & Physical Education, #Music, #Visual Arts
20.04.2022	Wednesday	Commercial Law and Preliminaries of Auditing, Philosophy, Sociology
22.04.2022	Friday	Physics, Nutrition, Education, Accountancy
23.04.2022	Saturday	Statistics, Geography, Costing and Taxation, Home Management and Family Resource Management
26.04.2022	Tuesday	Chemistry, Journalism & Mass Communication, Sanskrit, Persian, Arabic, French
27.04.2022	Wednesday	Biological Science, Business Studies, Political Science

The Examination will be held in only one paper on each day from 2.00 p.m. to 5.15 p.m. (3 hours and 15 minutes time is allotted both for reading question paper and writing answer) except Health & Physical Education, Visual Arts, Music and Vocational Subjects.

#The Examination of these subjects will be of two hours duration.

All Practical Examinations dates will be announced later.

The Council may, if necessary, change the above dates with due intimation to all concerned.

Yeaser Wazir
17.3.22
(Deputy Secretary (Examination))
W.B Council of H.S Education



পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ

বিগত কয়েক বছর ধরে উচ্চমাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইতিমধ্যে বাংলা ভাষায় বিশদ নির্দেশিকা প্রকাশিত হয়েছে। পরীক্ষা পরিচালনার বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন ব্যক্তি অংশগ্রহণ করে থাকেন। শিক্ষক ও শিক্ষাসহায়ক কর্মীসহ পরীক্ষা পরিচালনার কাজে যুক্ত সর্বস্তরের পদাধিকারীদের সুবিধের জন্য এই নির্দেশিকা প্রকাশ করা হলো। পরিমার্জিত এই সংস্করণটি পরীক্ষা পরিচালনার সঙ্গে যুক্ত সকলকে সাহায্য করবে এই প্রত্যাশা রাখছি। পরীক্ষার সাথে যুক্ত সকল ব্যক্তিকে ধন্যবাদ সহ-

বিদ্যাসাগর ভবন
কোলকাতা ৭০০ ০৯১

ডঃ চিরঞ্জীব ভট্টাচার্য
সভাপতি
পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ



পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডিজে, সেক্টর- দুই, সল্টলেক, কোলকাতা - ৭০০ ০৯১

নংঃ উপসচিব (পরীক্ষা)/০১/২০২২

তারিখঃ ০৮/০২/২০২২

২০২২ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা

সাধারণ নির্দেশাবলী :

- ক) একজন পরীক্ষার্থী বৈধ Admit Card সহ বা বিশেষ অনুমতিক্রমে পরীক্ষাকেন্দ্রে প্রবেশাধিকার পাবেন এবং তার নির্দিষ্ট আসনে বসে পরীক্ষা দিতে পারবেন।
- খ) একজন পরীক্ষার্থী অবশ্যই তার Admit Card- এর উল্টোপিঠে এবং উত্তরপত্রের প্রথম পাতায় বর্ণিত নির্দেশাবলী মেনে চলবেন। পরীক্ষা চলাকালীন কোন পরীক্ষার্থী তার সঙ্গে কোন বই, কাগজ, নোট, মুদ্রিত কোন কিছু, মোবাইল ফোন ইত্যাদি রাখতে পারবেন না। কোন পরীক্ষার্থী এইসব অমান্য করলে তাকে পরীক্ষা দেওয়া থেকে বিরত করা হতে পারে বা তার বিরুদ্ধে 'অসদুপায় অবলম্বনের' অভিযোগ আনা হতে পারে।

পরীক্ষার্থী তার কাছে ক্যালকুলেটর রাখতে পারবেন যার মধ্যে শুধুমাত্র Trigonometric, Logarithmic, Exponential function এবং সাধারণ গণনা বিষয়ক সুবিধাগুলো থাকবে।

- গ) সাধারণ ভাবে কোনো পরীক্ষার্থী Admit Card-এ উল্লেখ করা নেই এমন কোনো Subject-এ পরীক্ষা দিতে পারবেন না। অবশ্য প্রয়োজনে Centre Secretary/Venue Supervisor সংসদের আঞ্চলিক কার্যালয়ের উপসচিবদের সাথে কথা বলে এবং সংশ্লিষ্ট পরীক্ষার্থীর থেকে একটি লিখিত বিবৃতি বা 'Undertaking' নিয়ে তাঁকে কোনো Subject -এ পরীক্ষায় বসার বিশেষ অনুমতি দিতে পারবেন।

- ঘ) **Venue Supervisor** যদি মনে করেন যে কোনো পরীক্ষার্থী সাম্প্রতিক কোন সংক্রামক রোগ-এ ভুগেছেন বা এখনও ভুগছেন যা অন্যান্য পরীক্ষার্থীদের কাছে ক্ষতিকারক তাহলে ওই প্রকার পরীক্ষার্থীকে আলাদা একটি ঘরে বসাতে পারেন। এক্ষেত্রে একজন সংক্রামণ

বিশেষজ্ঞ দ্বারা ওই পরীক্ষার্থীর পরীক্ষার খাতা ইত্যাদি যথাযথ সংক্রামণমুক্ত করার ব্যবস্থা করতে হবে এবং এই বিষয়ে একটি শংসাপত্র সংশ্লিষ্ট ব্যক্তির কাছ থেকে সংগ্রহ করতে হবে। এ ধরনের পরীক্ষার্থীকে অবশ্যই ডট পেনের সাহায্যে উত্তর লিখতে হবে।

এ ধরনের পরীক্ষার্থীর লিখিত উত্তরপত্র একটি আলাদা খামে করে পাঠাতে হবে। খামের উপর '**Sick Candidate**' কথাটি লিখে দিতে হবে।

- ঙ) দৃষ্টিহীন বা অন্য শারীরিক প্রতিবন্ধী যিনি নিজের হাতে উত্তরপত্রে লিখতে পারেন না তাঁর জন্য Council একজন 'Amanuensis' - এর অনুমতি দিতে পারেন। এই Amanuensis এর শিক্ষাগত যোগ্যতা অবশ্যই সাধারণভাবে একাদশ শ্রেণীর বেশী হওয়া চলবে না। এমন পরীক্ষার্থীকে আলাদা একটি ঘরে বসাতে হবে এবং সেখানে Invigilation-এর ব্যবস্থা এমন করতে হবে যাতে Amanuensis তাঁর দায়িত্ব বিশ্বস্তভাবে পালন করছেন এটা নিশ্চিত করা যায়। সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের উপসচিবকে Amanuensis-এর নাম, ঠিকানা এবং শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত তথ্যসমূহ 4টি Passport মাপের ছবিসহ জানাতে হবে। এই ধরনের পরীক্ষার্থী উত্তর লেখার জন্য অতিরিক্ত ৬০ মিনিট সময় পাবেন।

এ ধরনের পরীক্ষার্থীর লিখিত উত্তরপত্র একটি আলাদা খামে করে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে পাঠাতে হবে।

- চ) প্রতি পরীক্ষার দিন Invigilator প্রতিটি পরীক্ষার্থীর Admit Card পরীক্ষা করবেন। কোনো পরীক্ষার্থী কোনো পরীক্ষার দিন তাঁর Admit Card টি দেখাতে না পারলে Centre Secretary তাঁকে পরীক্ষায় বসতে দিতে পারবেন, তবে পরীক্ষার্থীর কাছ থেকে এই মর্মে একটি লিখিত বিবৃতি (Undertaking) সংগ্রহ করবেন যে সংশ্লিষ্ট পরীক্ষার্থী পরের পরীক্ষার দিন তাঁর Admit Card টি অবশ্যই দেখাবেন। পরবর্তীকালে ঐ পরীক্ষার্থী Admit Card দেখাতে না পারলে তাঁর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ছ) পরীক্ষার্থীর মা, বাবা বা অভিভাবক তাঁকে পরীক্ষাকেন্দ্রের মূল প্রবেশদ্বার পর্যন্ত সঙ্গ দিতে পারবেন এবং অবশ্যই পরীক্ষা শুরুর অন্তত ১৫ মিনিট পূর্বে ওই স্থান ত্যাগ করবেন।
- জ) **পরীক্ষার সময় বিষয়ক সতর্কীকরণঃ**

পরীক্ষার্থীদের নির্দিষ্ট আসন গ্রহণ করার জন্য পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে পরীক্ষাকেন্দ্রে ঘণ্টা বাজানোর ব্যবস্থা থাকতে হবে। পরীক্ষা শুরুর সময় ঘণ্টা বাজানো হবে। এরও পরে

পরীক্ষা শেষ হওয়ার ঠিক ১৫ মিনিট পূর্বে একবার ঘণ্টা বাজানো হবে। সর্বশেষে পরীক্ষার সমাপ্তি সূচক ঘণ্টা বাজানো হবে।

২। পরীক্ষার্থীদের আবণ্টন সম্পর্কীয় নির্দেশাবলীঃ

- ১) মূল পরীক্ষাকেন্দ্রের (Main Venue)ও এর অন্যান্য পরীক্ষাকেন্দ্রগুলির (Venues) মধ্যে দূরত্ব ৮ কিলোমিটারের বেশী না থাকাই সমীচীন ও এদের মধ্যে স্বচ্ছন্দ যোগাযোগ ব্যবস্থা থাকা প্রয়োজন।
- ২) প্রতিটি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা নিজ নিজ বিদ্যালয়ে অর্থাৎ Home Vanue তে পরীক্ষা দেবে।
- ৩) প্রতিটি বেঞ্চে দুজনের বেশী পরীক্ষার্থী বসার ব্যবস্থা করা যাবে না। Covid-19 এর প্রেক্ষিতে সরকারী গাইডলাইন অনুযায়ী দূরত্ববিধি ও স্বাস্থ্যবিধি মেনে বসার ব্যবস্থা করতে হবে।

৩। প্রশ্নপত্র সংক্রান্ত নির্দেশাবলীঃ-

২০২২ সালেও একইসাথে একাদশ (XI) শ্রেণীর বার্ষিক পরীক্ষা (New Syllabus) এবং দ্বাদশ (XII) শ্রেণীর উচ্চমাধ্যমিক (New Syllabus)-এর পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। উচ্চমাধ্যমিক (XII) New Syllabus-এর পরীক্ষা ২০২০-র পদ্ধতি অনুসারে গ্রহণ করা হবে। এজন্য পদ্ধতির কী কী বিষয়ে বিশেষভাবে দৃষ্টি দিতে হবে তা নীচে দেওয়া হলঃ

ক) উচ্চমাধ্যমিক (XII)-এর প্রতিটি বিষয়ের Theory প্রশ্নপত্রের দুটি অংশ থাকছে- PART-A ও PART-B। PART-A প্রশ্নপত্র ও উত্তরপত্র Traditional ধরনের। কিন্তু PART-B প্রশ্নপত্রটি Question Cum Answer Type Booklet। এই অংশে শুধু ১ নম্বর প্রশ্নসংবলিত MCQ (Multiple Choice Question)ও SAQ (Short Answer Type Question) ধরনের প্রশ্ন থাকছে। প্রতিটি বিষয়ের PART-A ও PART-B-এর দুটি পরীক্ষার মোট নির্ধারিত সময় ৩ ঘণ্টা ১৫ মিনিট। (MUSIC, VISA, PHED এবং Vocational বিষয়গুলির ক্ষেত্রে মোট সময় ২ ঘণ্টা)।

খ) Part-B অংশে (Question Cum Answer Type Booklet) প্রতিটি MCQ-এর জন্য Bengali, English এবং Hindi/Santhal Version থাকলেও উত্তর লেখার জন্য শুধু একটি Box থাকছে এবং ১ নম্বরে SAQ-এর উত্তর লেখার জন্য নির্দিষ্ট ফাঁকা জায়গা


(Space) থাকছে। প্রশ্নপত্রে উল্লেখিত প্রতিটি প্রশ্নের উপরের নির্দেশ অনুযায়ী Box টি পূরণ করতে হবে।

গ) মূল উত্তরপত্রটি (PART-A-র জন্য নির্দিষ্ট) প্রথমে বন্টন করতে হবে এবং পরীক্ষার্থীরা যথাযথ স্থানে নাম, Roll No., Registration No. লেখার পর PART-A প্রশ্নপত্র বন্টন করতে হবে এবং তারপর PART-B (Question Cum Answer Type Booklet) নির্দিষ্ট বন্টন পদ্ধতিতে বন্টন করতে হবে। PART-B প্রশ্নপত্রটি সিরিজ অনুযায়ী (যদিও প্রশ্নপত্রে সিরিজটির উল্লেখ নেই) সাজানো আছে এবং এজন্য একটি পরীক্ষাকক্ষে শুধুমাত্র একজন ইনভিজিলেটরকেই PART-B প্রশ্নপত্রটি পরীক্ষার্থীদের ('S' প্যাটার্নে) নীচে অঙ্কিত ঘ নং পদ্ধতিতেই বন্টন করতে হবে। কোনো পরীক্ষাকক্ষে যদি একাধিক বিষয়ের পরীক্ষার্থী থাকে তাহলে তাদের বিষয় অনুযায়ী পৃথকভাবে চিহ্নিত করে একই পদ্ধতিতে প্রশ্নপত্র তথা উত্তরপত্রটি (PART-B) বন্টন করতে হবে। কোন পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে তার PART-B প্রশ্নপত্র তথা উত্তরপত্রটি পরবর্তী পরীক্ষার্থীকে দেওয়া যাবে না। PART-A প্রশ্নপত্রের কোনো সিরিজ নেই, তার জন্য পরীক্ষার্থীদের সাধারণভাবেই তা বন্টন করা যাবে।

ঘ) SITTING ARRANGEMENT AND DISTRIBUTION OF- PART B QUESTION PAPERS IN EACH SUBJECT

Covid-19 এর প্রেক্ষিতে সরকারী Guideline অনুযায়ী দূরত্ববিধি ও স্বাস্থ্যবিধি মেনে বসার ব্যবস্থা করতে হবে।

START FROM LEFT



- ঙ) PART-A ও PART-B উভয় উত্তরপত্রে পরীক্ষার্থীদের নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে এবং উভয় উত্তরপত্রেই (PART-A ও PART-B) Invigilator-এর স্বাক্ষর অবশ্যই থাকতে হবে। PART-A উত্তরপত্রে কয়টি লুজ শীট সংযুক্ত করা হলো তা লিখতে হবে এবং ইনভিজিলেটরকে স্বাক্ষর করতে হবে।
- চ) পরীক্ষার্থীদের মূল উত্তরপত্র (PART-A) এবং Question Cum Answer Booklet (PART-B) টি একত্রে যুক্ত করতে হবে। দুইটি উত্তরপত্রেই বাঁ দিকের উপরের কোণে ছিদ্র করা আছে যেখানে সুতো দিয়ে বেঁধে দিতে হবে। এই কাজটি পরীক্ষা শেষ হবার অন্তত আধঘণ্টা আগে ইনভিজিলেটরের সাহায্যে সম্পন্ন করতে হবে।
- ছ) পরীক্ষা সমাপ্তির আধঘণ্টা আগে থেকে, পরীক্ষার নির্ধারিত সময়ের মধ্যে, মূল উত্তরপত্র (PART-A) ও PART-B একত্র করে জমা দেওয়ার পরই পরীক্ষার্থীরা পরীক্ষাকক্ষ ত্যাগ করতে পারবে এবং শুধুমাত্র PART-A প্রশ্নপত্রটি পরীক্ষা কক্ষের বাইরে নিয়ে যেতে পারবে।
- জ) প্রতিটি পরীক্ষা কক্ষে পর্যাপ্ত সংখ্যক (অন্তত দুইজন) Invigilator আবশ্যিক। এজন্য প্রয়োজনে মাননীয় D.I. of Schools (S.E.) এর সঙ্গে যোগাযোগ করে Invigilator এর ব্যবস্থা করতে হবে।
- ঝ) যদি কোনো পরীক্ষার্থী অসদুপায় অবলম্বন করতে গিয়ে ধরা পড়ে তাহলে তার ওইদিনের পরীক্ষা বাতিল করতে হবে। তার জন্য তার উত্তরপত্রটিকে একটি রিপোর্টসহ আলাদা প্যাকেটে সংসদে পাঠাতে হবে। সাধারণ ভাবে ওই পরীক্ষার্থীকে তার বাকি বিষয়গুলির পরীক্ষায় বসতে দিতে হবে। পরীক্ষার্থীর অসদুপায়ের রিপোর্টটি প্রস্তুত করে সংশ্লিষ্ট ইনভিজিলেটর ওই পরীক্ষার্থীকে দিয়েও রিপোর্টটি স্বাক্ষর করাবেন। যদি ওই পরীক্ষার্থী রিপোর্টটিতে স্বাক্ষর করতে অসম্মত হয় সেক্ষেত্রে ওই ইনভিজিলেটর রিপোর্টটি প্রস্তুত করে অন্য একজন ইনভিজিলেটরকে দিয়ে রিপোর্টটি স্বাক্ষর করাবেন অর্থাৎ রিপোর্ট প্রস্তুতকারী এবং পরীক্ষার্থী নতুবা অন্য ইনভিজিলেটর রিপোর্টটি স্বাক্ষর করে উত্তরপত্রের সাথে সংসদে পাঠাবেন।
- এ৩) একটি মূলকেন্দ্রের অন্তর্গত সব কেন্দ্রগুলিতে উচ্চ মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার সম্পূর্ণ দায়িত্ব ভারপ্রাপ্ত কেন্দ্র আধিকারিকদের (Centre-in-Charge)। ভারপ্রাপ্ত কেন্দ্র আধিকারিক (Centre-in-Charge) ও কেন্দ্র সচিব (Centre Secretary) পরীক্ষা শুরুর কমপক্ষে ৭ (সাত) দিন আগে অথবা বিশেষ পরিস্থিতিতে সর্বশেষ ২৬.০৩.২০২২ তারিখের মধ্যে মূলকেন্দ্রের প্রয়োজন (Requirement) অনুসারে বিভিন্ন প্রশ্নপত্রের সংখ্যা প্রশ্নপত্র বন্টনের হিসাবের (Question Handling statement) সঙ্গে সংগতিপূর্ণ কিনা তা মিলিয়ে

নেবেন। প্রসঙ্গত উল্লেখ্য যে একই সাথে পরীক্ষার্থীর সংখ্যার সাপেক্ষে অলিখিত উত্তরপত্রের সংখ্যাও যথাযথ দেওয়া হয়েছে কিনা তা মিলিয়ে দেখে নেওয়া আবশ্যিক। সংসদ সভাপতির দপ্তরে এবং উপসচিব (পরীক্ষা) কে Ok report দেওয়া বাঞ্ছনীয়।

কোনো অসঙ্গতি/সমস্যা/সংশয় থাকলে তা অবশ্যই জরুরি ভিত্তিতে ফোন এবং ইমেলের মাধ্যমে উপসচিব (পরীক্ষা) কে এবং সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তরের উপসচিবকে জানাতে হবে।

ট) **Centre-in-Charge** প্রতি পরীক্ষার দিন সকালবেলায় **Centre Secretary**-কে সঙ্গে নিয়ে Custodian- এর কাছ থেকে প্রশ্নপত্র সংগ্রহ করবেন এবং সেগুলো Venue Supervisor বা তাঁর মনোনীত কোনো শিক্ষক প্রতিনিধির কাছে পৌঁছে দেবেন। এ সময় দুজন পুলিশ প্রতিনিধির উপস্থিতি আবশ্যিক। পরীক্ষা শুরু হওয়ার অন্তত ১ ঘণ্টা আগে প্রশ্নপত্র পৌঁছে দেওয়ার কাজটি করতে হবে।

ঠ) পরীক্ষা শুরু হওয়ার ঠিক ৩০ মিনিট পূর্বে Venue Supervisor-গণ নির্দেশানুযায়ী প্রশ্নপত্রের প্যাকেট খুলতে পারবেন। প্রশ্নপত্রের প্যাকেট খোলার পর প্যাকেটের ভিতর প্রশ্নপত্রগুলো নিরীক্ষকদের (Invigilators) উপস্থিতিতে ভালো করে sorting/ পরীক্ষা করবেন এবং নিরীক্ষকদের (Invigilators) স্বাক্ষর করিয়ে নেবেন। এরপর, সংসদ প্রেরিত বিশেষ খামে পরীক্ষা কক্ষ অনুযায়ী বিষয় ভিত্তিক নির্দিষ্ট প্রশ্নপত্র ঢুকিয়ে খাম বন্ধ করে পরীক্ষা কক্ষের দায়িত্বপ্রাপ্ত Invigilators-দের হাতে তুলে দিতে হবে।

Invigilator-গণ নিজের কক্ষে ১০ টার আগে কোনোমতেই প্রশ্নপত্র পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করবেন না। প্রশ্নপত্রগুলো বিতরণের আগে আরও একবার পরীক্ষা করবেন নির্দিষ্ট subject-এর প্রশ্নপত্র কি না। এই নির্দেশ সম্পূর্ণরূপে পালন করতে হবে এবং এর কোনো অন্যথা হওয়া চলবে না। প্রতি পরীক্ষাকক্ষের অব্যবহৃত প্রশ্নপত্রগুলি অবিলম্বে বন্ধ খামে Venue Supervisor কে ফেরত দিতে হবে এবং ভেন্যু গুলোর অব্যবহৃত প্রশ্নপত্রের প্যাকেটগুলো Venue Supervisor তাঁর তত্ত্বাবধানে রাখবেন এবং কোনো অবস্থাতেই সকল পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো ব্যক্তিকে দিতে পারবেন না।

৪) পরীক্ষার সময়কাল :

পরীক্ষা	সময় থেকে	সময় পর্যন্ত
উচ্চ মাধ্যমিক	সকাল ১০টা	দুপুর ১-১৫
একাদশ শ্রেণী (বাৎসরিক)	দুপুর ২ টো	বিকেল ৫-১৫

প্রসঙ্গতঃ New Syllabus : MUSIC, VISA, PHED এবং Vocational Subject গুলির পরীক্ষার সময়কাল ২ ঘণ্টা।

৫) পরীক্ষার্থী তাঁর ঐচ্ছিক বিষয়গুলোর উত্তর লেখার জন্য নিম্নলিখিত যে- কোনো একটি ভাষাকে মাধ্যম রূপে ব্যবহার করতে পারবেন।

ক) বাংলা, খ) ইংরেজি, গ) হিন্দি, ঘ) নেপালি, ঙ) উর্দু, চ) সাঁওতালি/অল্চিকি।

৬) উপস্থিতির নথিভুক্তিকরণ (Record of Attendance) :

Centre-in-Charge/Venue Supervisor এবং Invigilator পরীক্ষার্থীদের শনাক্তকরণ নথিভুক্ত করবেন এবং পরীক্ষার দিন A.S.R. (Attendance cum Signature Roll)-এ পরীক্ষার্থীদের স্বাক্ষর করিয়ে রাখবেন। এ ব্যাপারে বিশেষ যত্নবান হতে হবে। পরীক্ষার্থীর অনুপস্থিতির বিষয়টি A.S.R.-এ সংশ্লিষ্ট বিষয় (Subject)-এর ঘরে লাল কালি দিয়ে বড়ো হাতের ‘AB’ লিখে দিতে হবে এবং সমস্ত বিষয়ের পরীক্ষা শেষ হওয়ার পর আঞ্চলিক কার্যালয়ের উপসচিবের কাছে ASR-গুলি পাঠাতে হবে। A.S.R. জমা দেওয়ার শেষ তারিখ ২৫.০৪.২০২২।

একটি স্বতন্ত্র অনুপস্থিতির বিবরণ (Absentee Statement) Centre Secretary প্রস্তুত করবেন এবং তা আঞ্চলিক কার্যালয়ের উপসচিবের কাছে পাঠাতে হবে।

কলকাতা আঞ্চলিক দপ্তরের ক্ষেত্রে (KRO) A.S.R. এবং অনুপস্থিতির বিবরণ (Absentee Statement) গুলি বিদ্যাসাগর ভবনে উত্তর পত্র বিভাগের সহ সচিবের কাছে পাঠাতে হবে।

৭) লিখিত উত্তরপত্রের প্যাকিংঃ

- ১) Council থেকে পাঠানো D.R. অনুযায়ী লিখিত উত্তরপত্রের packing করতে হবে। সাধারণত Pre-printed Top sheet ব্যবহার করতে হবে। যদি Pre-printed Top sheet না পাওয়া যায় সেক্ষেত্রে Blank Topsheet ব্যবহার করা যেতে পারে।

Top Sheet-এর রং (New Syllabus)	খামের মধ্যে যা থাকবে
সবুজ রং-এর Pre-printed Topsheet	সমস্ত ভাষা ও ঐচ্ছিক বিষয়সমূহ। শুধুমাত্র যে সব পরীক্ষার্থীর লেখার মাধ্যম (Medium) বাংলা।
নীল রং-এর Pre-printed Topsheet	ঐচ্ছিক বিষয়সমূহ শুধুমাত্র যেসব পরীক্ষার্থী যাদের প্রথম ভাষা ইংরেজি/হিন্দি/উর্দু/নেপালি/সাঁওতালি এবং যাদের লেখার মাধ্যম বাংলা ব্যতীত ইংরাজী / হিন্দি/উর্দু/নেপালী/সাঁওতালি।

- ২) যে সমস্ত পরীক্ষার্থী অনিবার্য কোনো কারণে পরীক্ষাকেন্দ্র পরিবর্তন করেছেন এবং যারা মহামান্য আদালতের নির্দেশক্রমে পরীক্ষায় বসার সুযোগ পেয়েছেন তাদের উত্তরপত্রগুলো আলাদা প্যাকেটে ভরে প্যাকেটের উপরে লাল কালিতে বড়ো হাতে যথাক্রমে '**TRANSFERRED**' বা '**COURT ORDER**' লিখে দিতে হবে এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের উপসচিব-এর কাছে পাঠিয়ে দিতে হবে। কলকাতা আঞ্চলিক দপ্তরের ক্ষেত্রে ওই উত্তরপত্রগুলি বিদ্যাসাগর ভবনে উত্তরপত্র বিভাগের সহসচিবের কাছে পাঠাতে হবে।
- ৩) অসৎ উপায় অবলম্বন করা হয়েছে এমন অভিযুক্ত পরীক্ষার্থীদের উত্তরপত্রগুলো আলাদা প্যাকেটে ভরে প্যাকেটের উপর '**REPORTED AGAINST**' এই কথা লিখে দিতে হবে এবং প্যাকেটের মধ্যে একটি প্রতিবেদন এবং আপত্তিকর কাগজপত্র (যদি পরীক্ষার্থীর কাছে পাওয়া যায়) সহ আঞ্চলিক কার্যালয়ের উপসচিবের কাছে পাঠিয়ে দিতে হবে। কলকাতা আঞ্চলিক দপ্তরের ক্ষেত্রে এই উত্তরপত্রগুলি বিদ্যাসাগর ভবনে উত্তরপত্র বিভাগের সহসচিবের কাছে পাঠাতে হবে।
- ৪) সংক্রামক রোগে আক্রান্ত পরীক্ষার্থীদের উত্তরপত্র আলাদা করে প্যাকেট করতে হবে এবং **Packet**-এর উপরে বামদিকে কোনায় (**Top Left Corner**) দিকে '**Sick Candidate**' এই কথাটি লিখে দিতে হবে।
- ৫) বিচারাধীন কোনো পরীক্ষার্থী যিনি জেলে বসে পরীক্ষা দিচ্ছেন তাঁর উত্তরপত্র উপরে ২নং এ বর্ণিত পদ্ধতিতে প্যাকেট করতে হবে এবং তা নিকটবর্তী Main Venue-তে পাঠাতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট কারা অধিকর্তা Venue Supervisor হিসাবে কাজ করবেন।
- ৬) Sub-Venue তে Alloted সব পরীক্ষাার্থীর উত্তরপত্র ১ থেকে ৫-এ উল্লিখিত নির্দেশ অনুসারে প্যাকেট করার সময় বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। এরপর সেগুলো

Venue Supervisor-কে স্বাক্ষর করিয়ে যথাযথ সিলমোহর (Seal) লাগাতে হবে এবং সেগুলো Police force-এর সহায়তায় Main Venue-তে পাঠিয়ে দিতে হবে। Main Venue তে Centre-in-charge এবং Centre Secretary বিভিন্ন Venue থেকে প্রাপ্ত উত্তরপত্রগুলোর প্যাকেট ওই পরীক্ষাকেন্দ্রের তথ্য অনুযায়ী পরীক্ষা করবেন এবং প্রতিটি প্যাকেটের ওপর Topsheet-এ Centre-in-Charge অবশ্যই স্বাক্ষর করবেন। কোনো ভুলত্রুটি থাকলে Centre-in-Charge সেটি সংশোধন করবেন। প্রয়োজনে Centre-in-Charge কোন প্যাকেটের সিল ভেঙে তা পরীক্ষা করতে পারেন ও পুনরায় সিল করতে পারেন। এরূপ পরীক্ষা করার সময় Venue Supervisor এবং সংসদ মনোনীত সদস্যগণের Main Venue তে উপস্থিত থাকা বাঞ্ছনীয়। সিলমোহর লাগানো হয়নি এমন কোনো প্যাকেট বা Loose written answerscript কোনো অবস্থাতেই Venue থেকে আনা যাবে না।

উত্তরপত্রের প্যাকেট প্রস্তুত করার সময় কোনও ভুলভ্রান্তি হলে বা Topsheet-এ কোনো ভুল তথ্য দেওয়া হলে তাঁর জন্য সংসদকে কখনোই দায়ী করা যাবে না।

উত্তরপত্রের প্যাকেটে সর্বদা সংশ্লিষ্ট 'Centre Code seal' দিতে হবে। কোনো অবস্থাতেই সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রের নাম লেখা চলবে না।

৮) লিখিত উত্তরপত্র প্রেরণঃ

লিখিত উত্তরপত্র উপযুক্ত ব্যক্তি কর্তৃক বা Railway Parcel-এর মাধ্যমে সংসদে পাঠাতে হবে। কোনো অবস্থাতেই V.P.P দ্বারা প্রেরণ করা যাবে না। Railway Parcel টি বিমাকৃত করতে হবে এবং সেটির বিমার পরিমাণ ২০০/- টাকার কম কখনোই হবে না।

ক) উত্তরবঙ্গের জেলাগুলোর ক্ষেত্রে লিখিত উত্তরপত্রগুলো (জেলাসমূহ- মালদা, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কুচবিহার, কালিম্পং এবং দার্জিলিং) উত্তরবঙ্গ আঞ্চলিক কার্যালয়ে পাঠাতে হবে।

পার্সেল পাঠানোর ঠিকানাঃ

The Assistant Secretary
W.B. Council of H.S. Education
North Bengal Regional Office
Rahul Sankrityayan Bhavan

P.O. - N.B.U., Dist : Darjeeling-734013

Contact Telephone/Fax Number

email : dsnbro@wbchse.org.in

পার্সেলটি নিউ জলপাইগুড়ি (NJP) Railway Station-এর জন্য বুক করতে হবে এবং বুকিং সম্পর্কে উত্তরবঙ্গ আঞ্চলিক কার্যালয়কে অবগত করতে হবে।

খ) বর্ধমান আঞ্চলিক কার্যালয়ের অন্তর্ভুক্ত জেলাগুলো অর্থাৎ পূর্ব ও পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম এবং হুগলী জেলার উত্তরপত্র বর্ধমান আঞ্চলিক কার্যালয়ে পাঠাতে হবে।

পার্সেল পাঠানোর ঠিকানাঃ

The Deputy Secretary	Contact Telephone/Fax Number
Burdwan Regional Office	0342-2647745 (Telefax)
W.B. Council of H.S. Education	
Nazrul Bhavan (Behind LIC Office)	0342-2541427
5, Ichlabad (Jalkal Math)	email : dsbro@wbchse.org.in
P.O. : Sri Pally, Dist.-Purba Bardhaman,	
PIN-713101	

পার্সেলটি বর্ধমান (BWN) Railway Station-এর জন্য বুক করতে হবে এবং তা বর্ধমান আঞ্চলিক কার্যালয়ে জানাতে হবে।

গ) মেদিনীপুর আঞ্চলিক কার্যালয়ের অধীন জেলাগুলো অর্থাৎ পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর ঝাড়গ্রাম এবং পুরুলিয়া জেলার উত্তরপত্র মেদিনীপুর আঞ্চলিক কার্যালয়ে পাঠাতে হবে।

পার্সেল পাঠানোর ঠিকানাঃ

The Deputy Secretary	Contact Telephone/Fax Number
Midnapore Regional office	0322-276318
W.B. Council of H.S. Education	03222-271840 (Fax)
Sahid Matangini Bhavan	email : dsmro@wbchse.org.in
Bidhannagar East	
72, Station Road,	
P.O. Midnapore, Dist-Paschim Medinipore,	
PIN-721101	

পার্সেলটি Kharagpur (KGP) Railway Station-এর জন্য বুক করতে হবে এবং বুকিং সম্পর্কে মেদিনীপুর আঞ্চলিক কার্যালয়কে অবগত করতে হবে।

ঘ) কলকাতা আঞ্চলিক কার্যালয়ের জেলাগুলো অর্থাৎ কলকাতা, হাওড়া, উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, নদিয়া এবং মর্শিদাবাদ জেলার উত্তরপত্র বিদ্যাসাগর ভবনে পাঠাতে হবে।

পার্সেল পাঠানোর ঠিকানাঃ

The Assistant Secretary (A.P.Section)
Vidyasagar Bhawan, 1st Floor,
W.B.Council of H.S.Education
9/2,Block-DJ, Sector-II
Saltlake, Kolkata-700091

Contact Telephone/Fax Number
033-2334-3193,033-2334-7125
033-2321-3871(Fax)

হাওড়া (HWH) এবং শিয়ালদহ (SDAH) Railway Station- এর জন্য পার্সেল বুক করতে হবে এবং বুকিং সম্পর্কে কলকাতা আঞ্চলিক কার্যালয়কে অবগত করতে হবে।

ঙ) প্রতি পরীক্ষার দিনের উত্তরপত্র ওই দিনই কাউন্সিলে পাঠাতে হবে। যদি কোনো পরিস্থিতিতে না পাঠানো যায় সেক্ষেত্রে উত্তরপত্রগুলো স্থানীয় থানাতে রাখতে হবে এবং থানা থেকে তার প্রাপ্তিস্বীকার করিয়ে রাখতে হবে। পরে উত্তরপত্রগুলো যত তাড়াতাড়ি সম্ভব Council-এ পাঠানোর ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে দেরি হওয়ার কারণ দর্শিয়ে একটি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত আধিকারিকের শংসাপত্র দিতে হবে, যেখানে উত্তরপত্রগুলো থানায় রাখার এবং থানা থেকে নিয়ে যাওয়ার তারিখ ও সময় উল্লেখ থাকবে।

৯) জেলা উপদেষ্টামণ্ডলীর গঠন (Formation of District Advisory Committee):

প্রতিটি জেলাতেই প্রতি বছর সংসদ মনোনীত রাজ্য সরকারি আধিকারিক এবং স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তিগণকে নিয়ে জেলা উপদেষ্টামণ্ডলী গঠিত হবে।

এই কমিটির কোনো সিদ্ধান্তই কোনো পদ শূন্য থাকার জন্য অগ্রাহ্য করা যাবে না।

১০) জেলা উপদেষ্টামণ্ডলীর (District Advisory Committee) কর্তব্য সম্পর্কিত নির্দেশঃ

জেলা উপদেষ্টামণ্ডলীর কার্যসমূহঃ

সংসদ মনোনীত একজন আহ্বায়ক (Convenor)/ যুগ্ম আহ্বায়ক প্রতিবছর জুলাই মাসে জেলা উপদেষ্টামণ্ডলীর প্রথম সভাটি ডাকবেন এবং এই সভাতে একজন সংসদ আধিকারিক উপস্থিত থাকতে পারেন। এই সভায় নিম্নোক্ত বিষয়গুলো স্থিরীকৃত হবে।

ক) প্রধান কেন্দ্র (Main Venue)

খ) প্রধান কেন্দ্রের অন্তর্গত বিদ্যালয়সমূহ (Venue)।

গ) নির্দিষ্ট পদ উল্লেখসহ একজন Custodian।

ঘ) Centre-in-Charge (নাম এবং পদ উল্লেখসহ)

ঙ) Centre Secretary (নাম এবং পদ উল্লেখসহ)

জেলা উপদেষ্টামণ্ডলীর আহ্বায়কের(Convenor) পরামর্শ অনুযায়ী ছাত্রস্বার্থ অগ্রাধিকার দিয়ে যুগ্ম আহ্বায়ককে (Joint Convenor) অন্যান্য সভ্যদের সাহায্যে প্রস্তাবিত Centre/Venue List প্রস্তুত করে সংসদের আঞ্চলিক দপ্তরে জমা দিতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রে (Venue) পরীক্ষার্থীদের পূর্বে-মুদ্রিত আসন বণ্টনের সুনির্দিষ্ট সূচি (Pre-printed Seat Allotment) দেওয়া হয়। এই সূচির উপর প্রতি কেন্দ্রের প্রয়োজন অনুসারে প্রশ্নপত্রের বণ্টন সহ পরীক্ষার যাবতীয় খুঁটিনাটি বিষয় নির্ভর করে। সুতরাং এই সূচির প্রস্তাব পাঠাবার আগে নিম্নোক্ত বিষয়গুলি বিশেষ ভাবে নজর দিতে হবে।

- ক) মূলকেন্দ্র (Main Venue)ও এর অন্তর্ভুক্ত কেন্দ্রগুলির (Venues) মধ্যে দূরত্ব ৮ কিলোমিটারের বেশি না থাকাই সমীচীন এবং এদের মধ্যে স্বচ্ছন্দ যোগাযোগ ব্যবস্থা থাকা প্রয়োজন।
- খ) প্রতিটি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা নিজ নিজ বিদ্যালয়ে অর্থাৎ Home Venue তে পরীক্ষা দেবে।
- গ) প্রতিটি বেঞ্চে দুজনের বেশি পরীক্ষার্থী বসার ব্যবস্থা করা যাবে না।

উপরোক্ত কার্যসমূহের ধারাবাহিকতা বজায় রাখার জন্য Centre Committee প্রত্যেক বছর নিয়মিত সভা করবেন। কমিটির আহ্বায়ক (Convenor) একটি চূড়ান্ত সুপারিশ (Final recommendation) প্রস্তুত করে দ্রুত Deputy Secretary (Examination) কে পাঠিয়ে দেবেন Council-এর অনুমোদনের জন্য। জেলা উপদেষ্টামণ্ডলীর সভ্যদের উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলাকালীন জেলার প্রতিটি পরীক্ষাকেন্দ্রের কোনো সমস্যা সংসদের প্রতিনিধি হিসাবে যথাযথ সমাধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে নতুন কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে মাননীয় সভাপতি, Secretary-in-Charge ও পরীক্ষা বিভাগের উপসচিবের সাথে আলোচনা করা বিশেষভাবে প্রয়োজনীয়। সংসদের তরফে সংসদ প্রতিনিধি, ওই পরীক্ষাকেন্দ্রের Centre-in-Charge, Centre Secretary, Venue Supervisor সহ অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিগণের প্রত্যেকজনের ছবিসহ বিশেষ পরিচয়পত্র (Identity Card) নির্দিষ্ট মেয়াদের জন্য যথাসময়ে দেওয়া হবে।

১১) Centre Committee: প্রতিটি পরীক্ষাকেন্দ্রের জন্য একটি করে Centre Committee থাকবে।

ক) এই কমিটির গঠনটি নিম্নরূপঃ

- ১) জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক) মনোনীত এবং সংসদ দ্বারা অনুমোদিত কোন ব্যক্তি Centre Committee র সদস্য হবেন এবং Centre -in-Charge এর দায়িত্বে থাকবেন। (সংসদ তাঁর নিয়োগপত্র দেবে)।
- ২) Main Venue যে বিদ্যালয়তনটি হবে তার প্রধান বা তাঁর মনোনীত কোনো Senior শিক্ষক Centre Secretary হিসাবে দায়িত্ব পালন করবেন। (সংসদ তাঁর নিয়োগপত্র দেবে)।

- ৩) একটি পরীক্ষাকেন্দ্রের কোনো Venue অর্থাৎ কোনো বিদ্যায়তনের প্রধান বা তাঁর মনোনীত কোনো Senior শিক্ষক Venue Supervisor-এর দায়িত্ব পালন করবেন এবং তাঁর নিয়োগপত্র Centre-in-Charge / Centre Secretary দেবেন।
- ৪) একজন স্থানীয় বৈধ চিকিৎসক Centre-in-Charge-এর অনুমোদন সাপেক্ষে এই Committee-এর সদস্য হবেন।
- ৫) প্রশ্নপত্রসমূহের Custodian (যিনি সংসদ কর্তৃক নিযুক্ত) পদাধিকার বলে Committee-র সদস্য হবেন।
- ৬) সংসদ মনোনীত ব্যক্তিসমূহ এই কমিটির সদস্য হবেন।
- খ) Centre Committee পরবর্তী বছরের নবীকরণ বা পুনর্গঠন না হওয়া পর্যন্ত কাজ করবেন।
- গ) প্রথম সভাটি Centre-in-Charge আহ্বান করবেন এবং পরবর্তীগুলো Centre Secretary-র আহ্বানে হবে। সাধারণত সমস্ত সভাগুলোতে Centre-in-Charge সভাপতি থাকবেন।
- ঘ) কোনো ব্যক্তির পুত্র বা কন্যা বা নিকটাত্মীয় বা নিকটাত্মীয়া একাদশ শ্রেণীর বার্ষিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী হলে তিনি সাধারণভাবে একাদশ শ্রেণীর বার্ষিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষার Centre-in-Charge/ Custodian/ Centre Secretary/ Venue Supervisor/Council Nominee/ Invigilator-এর দায়িত্ব গ্রহণ করতে পারবেন না।

১২) Centre Committee- এর কার্যবিধি :

- ১) Committee সম্ভাব্য Centre-এর খরচ হিসেব করে একটি অর্থপরিকল্পনা (Budget) করবেন এবং এক্ষেত্রে বিগত বছরের কোনো উদ্বৃত্ত (Balance) অর্থের বিষয়টিও বিবেচ্য হবে।
- ২) সুষ্ঠু ভাবে উচ্চমাধ্যমিক পরীক্ষা পরিচালনা ব্যবস্থা নিশ্চিত করার জন্য Centre Committee সমস্ত ধরনের সাধারণ পদ্ধতি গ্রহণ করবেন এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত নেবেন।
- ৩) পরীক্ষা পরিচালনার ব্যাপারে Centre-in-Charge-কে Committee সাহায্য করবে।
- ৪) জরুরি কোনো বিষয়ে যথার্থ পদক্ষেপ নেওয়ার জন্য Centre-in-Charge-কে Centre Committee পরামর্শ দেবেন এবং ব্যবস্থা গ্রহণের পর সেই সংক্রান্ত একটি বিবরণ Centre Secretary-র মাধ্যমে উপসচিব পরীক্ষার এবং আঞ্চলিক দপ্তরের উপসচিবের কাছে পাঠাতে হবে।
- ৫) Centre Committee প্রয়োজন অনুসারে সংসদ নির্ধারিত অন্যান্য বিষয়গুলি কার্যকর করবেন।

১৩) Centre-in-Charge-এর কর্তব্যসমূহঃ-

- ১) Centre Committee-র প্রথম সভাটি আহ্বান করবেন।
- ২) উচ্চ মাধ্যমিক পরীক্ষার দিনগুলিতে পুরো সময়ের জন্য পরীক্ষাকেন্দ্রে উপস্থিত থাকবেন।
- ৩) Centre Committee কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়গুলো আঞ্চলিক দপ্তরের উপসচিবকে অবহিত করবেন।
- ৪) Centre-in-Charge পরীক্ষা পরিচালনার জন্য সংসদ কর্তৃক নির্দেশিত নিয়মগুলো প্রয়োগ করবেন।
- ৫) Centre Committee-র সিদ্ধান্তগুলো (পরীক্ষা পরিচালনার জন্য) Centre-in-Charge প্রয়োগ করবেন।
- ৬) Centre-in-Charge সমস্ত পরীক্ষাকেন্দ্রগুলিতে অর্থাৎ Main Venue & Sub venue গুলিতে (i) পরীক্ষার বিস্তারিত রুটিন (ii) Seat Plan প্রদর্শনের ব্যবস্থা করবেন যাতে পরীক্ষার্থীদের এ সম্পর্কে পূর্বেই অবগত করা যায়।
- ৭) প্রশ্নপত্র সংসদ থেকে Custodian-এর কাছে পৌঁছাবার পরে অবশ্যই সংশ্লিষ্ট Centre-in-Charge ও Centre Secretary একত্রে ওই প্রশ্নপত্রের প্যাকেটগুলি মিলিয়ে দেখবেন ও দিনাঙ্ক (Date) ধরে প্রতি বিষয়ের প্রশ্নপত্র Custodian-এর কাছে সাজিয়ে রাখবেন।
- ৮) Centre-in-Charge প্রতিটি পরীক্ষার দিন সকাল ৭.৩০ (প্রয়োজন অনুসারে আরও আগে/পরে হতে পারে) টায় Centre Secretary এবং একজন সংসদ প্রতিনিধিকে সঙ্গে নিয়ে Custodian-এর কাছ থেকে প্রশ্নপত্রের Sealed প্যাকেট সংগ্রহ করবেন এবং যথাযথভাবে স্বাক্ষর করিয়ে Venue Supervisor বা তাঁর মনোনীত প্রতিনিধির হাতে ওই প্যাকেট তুলে দেবেন। এই সময় দুজন পুলিশ কর্মীরও উপস্থিতি আবশ্যিক।
- ৯) i) Venue Supervisor, ii) Centre Committee, iii) Centre Secretary এবং সংসদ-এর মধ্যে সমন্বয় রক্ষা করবেন।
- ১০) Centre-in-Charge সমস্ত অর্থকরী বিষয়গুলোর দায়িত্বে থাকবেন।
- ১১) পরবর্তী Centre Committee গঠন না হওয়া পর্যন্ত Centre-in-Charge সংশ্লিষ্ট Centre- এর দায়িত্বে থাকবেন।
- ১২) Centre-in-Charge-এর নিয়োগপত্র এবং পরিচয় পত্র সংসদ থেকে দেওয়া হবে।

১৪) Centre Secretary-এর কর্তব্যসমূহ :

- ১) Centre Secretary, Centre-in-Charge কে পরীক্ষা সংক্রান্ত সমস্ত বিষয়ে সাহায্য করবেন।
- ২) Centre Secretary, Centre Committee-র প্রথম সভাটি ছাড়া বাকি সভাগুলো আহ্বান করবেন।
- ৩) Venue Supervisor-দের পরিচয়পত্রে সংশ্লিষ্ট Venue Supervisor-এর নাম ও Venue-র নাম লিখে সেই পরিচয় পত্রটি প্রত্যায়িত করে বিতরণ করবেন। ভেন্যু সুপারভাইজার প্রশ্নপত্রের প্যাকেট খুলে ভেন্যুর মধ্যে পরীক্ষাকক্ষ অনুযায়ী প্রশ্নপত্র ভাগ করে তা মুখবন্ধ সিল করা খামে সংশ্লিষ্ট ইনভিজিলেটরকে দেবেন। সেই খামগুলি Venue Supervisor- দের দিতে হবে। এছাড়া, পরীক্ষাকেন্দ্রে কোনোমতেই যাতে মোবাইল ফোন না ব্যবহৃত হয় তা নিশ্চিত করতে সংসদের পক্ষ থেকে একটি সতর্কীকরণ স্টিকার দেওয়া হচ্ছে। এরূপ স্টিকার প্রতি Venue-তে পাঁচটি করে দিতে হবে। প্রসঙ্গত, শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের ক্ষেত্রে পরীক্ষা কেন্দ্রে মোবাইল ব্যবহার নিষিদ্ধকরণ বিধি প্রযোজ্য।
- ৪) Centre Secretary, Centre-in-Charge-কে সঙ্গে নিয়ে Custodian-এর কাছে যাবেন প্রতিটি পরীক্ষার দিন সকাল ৭.৩০ (প্রয়োজন অনুসারে আরও আগে/পরে হতে পারে)টায় প্রশ্নপত্র নিয়ে আসা, পরীক্ষা করা এবং Venue Supervisor-দের কাছে পৌঁছে দেওয়ার কাজে (এ বিষয়ে Centre-in-Charge-এর কর্তব্যসমূহের মধ্যে ৮নং বিষয়টি দেখতে অনুরোধ) সাহায্য করবেন।
- ৫) উচ্চ মাধ্যমিক পরীক্ষার দিনগুলিতে পুরো সময়ের জন্য পরীক্ষাকেন্দ্রে উপস্থিত থাকবেন।
- ৬) Centre Secretary-র নিয়োগপত্র এবং পরিচয় পত্র সংসদ থেকে দেওয়া হবে।

১৫) সংসদ মনোনীত সদস্যদের কর্তব্যসমূহ :

- ১) সদস্যরা Centre-in-Charge-এর সঙ্গে ঘনিষ্ঠ সংযোগ রক্ষা করে চলবেন।
- ২) পরীক্ষার দিনগুলোতে পুরো সময়-এর জন্য পরীক্ষাকেন্দ্রে উপস্থিত থাকবেন।
- ৩) পরীক্ষা সঠিক নিয়ম অনুসারে চলছে -এই বিষয়টি নিশ্চিত করার জন্য সংসদ মনোনীত সদস্যগণ প্রতিদিনই পরীক্ষা চলাকালীন পরীক্ষাকেন্দ্রে (Venue) উপস্থিত থাকবেন। কোনো অস্বাভাবিকতা নজরে এলে তা তৎক্ষণাৎ Centre-in-Charge/Centre Secretary কে জানাবেন।
- ৪) সংসদের নির্দেশমতো পরীক্ষাকেন্দ্র থেকে উত্তরপত্রগুলো মুখ্য পরীক্ষাকেন্দ্রে পাঠানোর বিষয়টি সদস্যগণ নিশ্চিত করবেন।

- ৫) সংসদ থেকে সদস্যদের পরিচয়পত্র দেওয়া হবে।
৬) সংসদ প্রেরিত বিশেষ নির্দেশিকা (যদি থাকে) অনুসরণ করতে হবে।

১৬) নিরীক্ষক-এর নিয়োগ (Invigilator):

সংশ্লিষ্ট বিদ্যায়তনের Venue Supervisor সংশ্লিষ্ট ভেন্যুর জন্য নিরীক্ষক (Invigilator) নিয়োগ করবেন। প্রতিটি Venue-র Venue Supervisor/HM/TIC বিদ্যায়তনের সঙ্গে যুক্ত পার্শ্বশিক্ষকদের (Para Teacher) একাদশ শ্রেণীর বার্ষিক পরীক্ষা এবং বিশেষ প্রয়োজনে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় Invigilation-এর কাজে নিজ দায়িত্বে নিযুক্ত করতে পারেন। তবে যদি বিশেষ প্রয়োজন হয় তবে Part Time Teacher-দেরও Invigilation-এর কাজে লাগানো যেতে পারে। প্রয়োজনে অতিরিক্ত নিরীক্ষক (Invigilator) এর জন্য জেলা স্কুল পরিদর্শকের (মাধ্যমিক) দপ্তরে চাহিদা পত্র (Requisitions) পাঠাতে হবে। Centre-in-Charge পরীক্ষা শেষ হলে নিযুক্ত নিরীক্ষকদের নাম, পদ, ও স্কুলের ঠিকানা এবং Specimen Signature সংবলিত তথ্য আঞ্চলিক দপ্তরের উপসচিবের কাছে পাঠিয়ে দেবেন।

১৭) পরীক্ষাকক্ষে দায়িত্বপ্রাপ্ত নিরীক্ষকদের (Invigilator) পরীক্ষা গ্রহণকালীন আবশ্যিক কর্তব্য সম্পর্কে নির্দেশঃ

- ১) পরীক্ষাকক্ষের দায়িত্বপ্রাপ্ত নিরীক্ষকদের (Invigilator) পরীক্ষা চলাকালীন মোবাইল ফোন সঙ্গে রাখা নিষিদ্ধ।
- ২) পরীক্ষার্থীদের কোনো বই, খাতা, নোটবই, আইপড, মোবাইল ফোন বা এ জাতীয় বৈদ্যুতিন (Electronic Gadget) যন্ত্র নিয়ে পরীক্ষাকক্ষে প্রবেশ কঠোরভাবে নিষিদ্ধ।
- ৩) পরীক্ষার্থীর উত্তরপত্রে (Part-A এবং Part-B) নির্দিষ্ট জায়গায় নিরীক্ষকদের (Invigilators) স্বাক্ষর করার পূর্বে নিশ্চিত হওয়া আবশ্যিক যে, উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় (Subject) যথাযথ ও নির্ভুল ভাবে লেখা হয়েছে।
- ৪) পরীক্ষার প্রথম দিনেই হাজিরা স্বাক্ষরপত্রে (Attendance cum Signature Roll-ASR) পরীক্ষার্থীদের পুরো নামের স্বাক্ষর করাতে হবে।
- ৫) প্রথম দিন থেকেই প্রতিটি পরীক্ষার দিনে, পরীক্ষার্থীকে হাজিরা স্বাক্ষরপত্রে (ASR) নামের অনুস্বাক্ষর (Initial Signature) নির্দিষ্ট জায়গায় করাতে হবে। অন্য কোনো দিনের বিষয়ের জন্য নির্দিষ্ট জায়গায় কোনো পরীক্ষার্থী ভুল করে স্বাক্ষর যাতে না করে, সে বিষয়ে বিশেষ সতর্কতা আবশ্যিক।

- ৬) অনুপস্থিত পরীক্ষার্থীর স্বাক্ষর করার জায়গায় লাল কালিতে AB লিখে পূরণ করতে হবে।
- ৭) অতিরিক্ত উত্তর পত্রে (Loose Sheet) আগে থেকে নিরীক্ষকদের (Invigilator) স্বাক্ষর করে রাখা নিয়মবিরুদ্ধ। এতদ্ সত্ত্বেও কোন স্বাক্ষরিত অতিরিক্ত উত্তরপত্র (Loose Sheet) থেকে গেলে নম্বর লিখে রেখে ওই অতিরিক্ত উত্তরপত্র (Loose Sheet) নষ্ট করে ফেলতে হবে। কোনো এক দিনের স্বাক্ষরিত অতিরিক্ত উত্তর পত্র (Loose Sheet) অন্য দিনের পরীক্ষায় কোনো মতেই ব্যবহার করা যাবে না।
- ৮) পরীক্ষার শেষে সুচকঘণ্টা বাজার মাত্র তিরিশ মিনিট আগে পরীক্ষার্থী শুধুমাত্র Part-A প্রশ্নপত্র সহ পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে।
- ৯) পরীক্ষা শেষ হবার পর ওই কক্ষের উত্তরপত্রগুলির সংখ্যা হাজিরা স্বাক্ষরপত্রের (ASR) সাথে মিলিয়ে নিতে হবে। হাজিরা স্বাক্ষরপত্রের (ASR) সাথে উত্তরপত্রে (Part-A এবং Part-B) হিসাবে মিলে যাবার পরই পরীক্ষার্থীদের পরীক্ষাকক্ষ ত্যাগের অনুমতি দেওয়া যাবে।
- ১০) সংসদ প্রেরিত বিশেষ নির্দেশিকা (যদি থাকে) অনুসরণ করতে হবে।
- ১৮) ক) অসৎ উপায়ে পরীক্ষা দিতে গিয়ে ধৃত পরীক্ষার্থীদের সম্পর্কে নির্দেশঃ
- ১) অসৎ উপায়ে পরীক্ষা দিতে গিয়ে ধৃত পরীক্ষার্থীর উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্র (ব্যবহৃত হয়ে থাকুক বা না থাকুক), যে বিষয়ে পরীক্ষা সেই সম্পর্কিত কোনো বই-এর এক বা একাধিক পাতা, হস্তাক্ষরে লিখিত অংশ বা নোট বা এসবের প্রতিক্রিয়া (Photo Copy), প্রশ্নপত্রে লিখিত প্রাসঙ্গিক এক বা একাধিক উত্তরের অংশ পরীক্ষার্থীর কাছ থেকে বাজেয়াপ্ত (Seize) করে নিয়ে সেগুলির উপর তাকে দিয়ে পুরো নামের স্বাক্ষর করাতে হবে। পরীক্ষার্থী স্বাক্ষর করতে অসম্মত হলে তার অসম্মতির কথা লিখে নিরীক্ষক (Invigilator) নিজে স্বাক্ষর করবেন ও ওই কক্ষের অন্য নিরীক্ষকের বা কেন্দ্র তত্ত্বাবধায়কের (Venue Supervisor) স্বাক্ষর করিয়ে নেবেন। এই পরীক্ষার্থীর বাজেয়াপ্ত কাগজপত্রগুলি উত্তরপত্রের সাথে যুক্ত করে আলাদা খামে ভরে পাঠাতে হবে। খামের উপর লাল কালিতে Reported Against বা RA লিখে দিতে হবে।
 - ২) RA সংক্রান্ত একটি প্রতিবেদন (Report) ভারপ্রাপ্ত কেন্দ্র আধিকারিকের (Centre-in-Charge) কাছে জমা দিতে হবে।
 - ৩) এই ধরনের পরীক্ষার্থীদের সাধারণভাবে পরবর্তী পরীক্ষাগুলি দেবার সুযোগ থাকবে।

খ) নিম্নলিখিত কারণে একজন পরীক্ষার্থীকে এই অপরাধে অভিযুক্ত করা যাবেঃ

- ১) যদি তার কাছে পরীক্ষা চলাকালীন কোনো বই, বইয়ের পাতা, লেখা কোনো কাগজ বা অন্য আপত্তিকর কিছু পাওয়া যায়।
- ২) কোনো প্রশ্নপত্র বা কোনো কাগজ যাতে প্রশ্ন সম্পর্কিত উত্তর লেখা আছে - এমন কিছু যদি তার থেকে পাওয়া যায়।
- ৩) যদি কোনো পরীক্ষার্থীকে উত্তর লিখতে সাহায্য করা হয় বা সাহায্য নেওয়া হয়।
- ৪) যদি অন্য কোনো পরীক্ষার্থীর কাছ থেকে যে-কোনো ধরনের সাহায্য নেওয়া হয় বা সাহায্য নেওয়ার চেষ্টা করা হয়।
- ৫) যদি অন্য কোনো পরীক্ষার্থী বা বাইরের বা কোনো ব্যক্তির সঙ্গে কথা বলা হয়।
- ৬) যদি উত্তরপত্রে ইচ্ছে করে নিজের নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর বিষয় ভুল লেখা হয়।
- ৭) যদি নিরীক্ষক বা পরীক্ষার সঙ্গে যুক্ত কোনো ব্যক্তিকে টাকা-পয়সা ইত্যাদি দেওয়া বা দেওয়ার চেষ্টা করা হয়।
- ৮) যদি অভব্য আচরণ, বলপূর্বক কিছু করা, দৈহিক আঘাত করা বা প্ররোচনা দেওয়া হয় বা চেষ্টা করা হয়।
- ৯) যদি উত্তরপত্র জমা না দিয়ে পরীক্ষাকেন্দ্র থেকে চলে যায় বা পরীক্ষা চলাকালীন প্রশ্নপত্র নিয়ে বাইরে যায়।
- ১০) যদি নিরীক্ষক বা অন্য কোনো যোগ্য ব্যক্তিকে খাতা জমা না দিয়ে বা জীর্ণ বা নষ্ট করে দেওয়া হয় বা এধরনের কাজ করার চেষ্টা করা হয়।
- ১১) যদি পরীক্ষা শেষ হওয়ার ১ ঘণ্টা সময়ের পূর্বেই পরীক্ষার কেন্দ্র পরিত্যাগ করা হয়।
- ১২) যদি নিজের নাম উপস্থিতির তালিকায় নথিবদ্ধ না করা হয়।
- ১৩) যদি অন্য কোনো ব্যক্তিকে নিজের নামে পরীক্ষা দিতে দেওয়া হয়।
- ১৪) যদি উত্তরপত্রে নির্দিষ্ট পদ্ধতি ছাড়া নিজের পরিচয় অন্য উপায়ে প্রকাশ করা হয়।
- ১৫) যদি উত্তরপত্রের মধ্যে টাকা, চিঠি ইত্যাদি রেখে দেওয়া হয় বা নিরীক্ষক বা পরীক্ষককে ঘুষ দেওয়ার চেষ্টা করা হয়।

১৬) যদি উত্তরপত্রে অশোভন বাক্য বা ছবি আঁকা বা কোনো রাজনৈতিক Slogan লেখা হয়।

১৭) যদি প্রশ্নোত্তর লেখার জন্য কোনও ইলেক্ট্রনিক্স মাধ্যম বা মোবাইল ফোনের সাহায্য নেওয়া হয়।

১৮) যদি পরীক্ষা সংক্রান্ত অন্য কোন রকম বিধি লঙ্ঘন করা হয়।

১৯) সাম্মানিক অর্থ, বেতন এবং মঞ্জুরিঃ

একজন Centre-in-Charge সাম্মানিক অর্থ হিসাবে ৩০০ টাকা পাবেন, Centre Secretary ও সাম্মানিক অর্থ হিসাবে ৩০০ টাকা পাবেন। Venue Supervisor ১৫০ টাকা পাবেন। Custodian ২০০+১৫০ (Contingency) টাকা অর্থাৎ ৩৫০ টাকা পাবেন। Centre fund থেকে Centre-in-Charge এই সমস্ত অর্থ প্রদান করবেন। শুধু Custodian-এর টাকা সংসদ সরাসরি দেবে। সংসদ আনুসঙ্গিক খরচ বাবদ প্রতিটি জেলা উপদেষ্টামণ্ডলীকে ১৫০০০/- টাকা দেবে।

Centre Fee (১৫ টাকা প্রতি নিবন্ধীকৃত পরীক্ষার্থীর জন্য):

প্রতিটি বিদ্যায়তনের প্রধান পরীক্ষার্থীর কাছ থেকে ১৫ টাকা আদায় করবেন এবং পরীক্ষা শুরু হওয়ার পূর্বে তা Centre Secretary-কে জমা দেবেন।

Centre Grant Rs. 15/- per enrolled Candidate:

- ১) সংসদ সরাসরি কেন্দ্র মঞ্জুরি (Centre Grant)-এর অর্থ Centre কে দেবে না।
- ২) বিদ্যালয়গুলিকে পরীক্ষার্থীদের কাছ থেকে Enrolment-এর জন্য গৃহীত অর্থ থেকে Centre Grant-এর অর্থ কেটে নিতে হবে।
- ৩) বিদ্যায়তনগুলো Centre Grant বাবদ গৃহীত অর্থ Centre Secretary-এর কাছে জমা দেবেন এবং তার জন্য প্রাপ্তি স্বীকার করিয়ে নেবেন। Enrolment Fees-এর অবশিষ্ট অংশ সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তরে জমা দিতে হবে।

Centre Committee যে যে খাতে অর্থ খরচ করতে পারেনঃ

- ১) মুখ্য পরীক্ষাকেন্দ্র থেকে অন্যান্য পরীক্ষাকেন্দ্রে অলিখিত/লিখিত উত্তরপত্র সরবরাহের/সংগ্রহের জন্য।
- ২) একইভাবে প্রশ্নপত্র বিলি করার জন্য।
- ৩) ডাক ও অন্যান্য আনুসঙ্গিক বিষয়ক খরচের জন্য।
- ৪) Centre-in-Charge, Centre Secretary, Venue Supervisor, Invigilator এবং অন্যান্য ব্যক্তি যারা পরীক্ষায় যুক্ত থাকবেন তাঁদের সাম্মানিক অর্থ প্রদান।

৫) Centre Committee-র সভা পরিচালনা।

৬) অন্যান্য খরচ যা পরীক্ষা পরিচালনার জন্য প্রয়োজন বলে বিবেচিত হবে।

২০) Interpretation:

নির্দেশাবলী সংক্রান্ত কোনো প্রশ্ন থাকলে তা সংসদকে জানাতে হবে এবং সেক্ষেত্রে সংসদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২১) জরুরি কোনো বিষয়ঃ

কোনো জরুরি বিষয়ে সংসদ সভাপতি ব্যবস্থা নেবেন এবং তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত।

পরিশেষে জানানো যায় যে, উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল আগামী প্রজন্মের ভবিষ্যৎ জীবনের দিশার চাবিকাঠি। এই পরীক্ষার সুষ্ঠু সম্পাদন প্রক্রিয়ায় যাঁরা অংশীদার তাঁদের কাছে সংসদের প্রত্যাশা একটাই যে, যত ক্ষুদ্রই তাঁদের ভূমিকা হোক তা যে তাঁরা যথাসম্ভব গুরুত্ব সহকারে পালন করবেন, এই প্রত্যয় আমাদের আছে। তাঁদের সমষ্টিগত কাজের সুষ্ঠু পরিণতিই ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষাকে সফলভাবে সম্পন্ন করবে। এই বিস্তৃত কর্মকাণ্ডে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক ব্যক্তিকে জানাই সংসদের সশ্রদ্ধ অভিবাদন।

CONTACT

Fax: (033) 2334-5541/(033) 2359-6525

Telephone Numbers

Secretary-in-Charge : 033-2359-6525, 2359-4283/2337-4984 to 87

Deputy Secretary (Examination) : 033-2337-9661

Other Telephone No. of the Central Office (Control Room)

2337-0792/2337-4945

Help Desk No. : 033-2337-0792

ইয়াসের আরাফাত

(ইয়াসের আরাফাত)

উপসচিব (পরীক্ষা)

পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ

H.S. Examination, 2022

(New Syllabus only)

Instructions to The Centre-in-Charge/Centre Secretary

সাম্প্রতিক অতিমারী পরিস্থিতির পরিপ্রেক্ষিতে, রাজ্য সরকারের সক্রিয় সহযোগিতায় উচ্চ মাধ্যমিক পরীক্ষা, ২০২২-এ সংসদ 'নিজ কেন্দ্র' বা 'হোম ভেন্যু' পদ্ধতি চালু করেছেন যা বর্তমান পরিস্থিতিতে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ক্ষেত্রে অনুকরণীয়। পরীক্ষার্থীরা নিজ বিদ্যালয়ে পরিচিত পরিবেশে পরীক্ষা দিলে প্রত্যেক সেন্টার-ইন-চার্জ / সেন্টার সেক্রেটারিকে আরো বেশি দায়িত্বশীলতা এবং কর্মতৎপরতার সাথে সক্রিয় হতে হবে।।

In the backdrop of current pandemic situation, "Home Venue" is introduced by the Council with the active cooperation of State Government in the H.S. Examination 2022 which is exemplary for H.S. examinations in recent time. As candidates will take the examination in their own school and known environment, each Centre-in-Charge / Centre Secretary will have to act with more responsibilities and agility.

‘হোম ভেন্যু’-এ উচ্চ মাধ্যমিক পরীক্ষা, ২০২২ চলাকালীন নিম্নলিখিত বিশেষ নির্দেশাবলী পালন করতে হবে :

Following special guidelines need to be adhered in the home venue during H.S. Examination 2022 :

- a) বিষয় অনুযায়ী প্রশ্নপত্রগুলি ২টি ভাগে বিভক্ত – **PART-A** – এতে বিষয়ভিত্তিক প্রশ্নাবলি আছে, পরীক্ষার্থী মূল উত্তরপত্রেই উত্তর করবে। **PART-B** – এতে বস্তুভিত্তিক প্রশ্নাবলি আছে যা বহুবিকল্পভিত্তিক প্রশ্ন (MCQ) এবং ১ নম্বরের সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন (SAQ) সম্বলিত, পরীক্ষার্থী এই প্রশ্নসহ উত্তর পুস্তিকাতেই (QCAB) উত্তর করবে। প্রতিটি বিষয়ের **PART-A** এবং **PART-B**-এর দুটি পরীক্ষার মোট নির্ধারিত সময় ৩ ঘন্টা ১৫ মিনিট (MUSIC, VISA, PHED এবং Vocational Subjects-এর ক্ষেত্রে মোট সময় ২ ঘন্টা)।

Subjectwise question papers are divided into 2 Parts— **PART-A** and **PART-B**. **PART-A** contains Subjective type questions. The candidate has to answer in the main Answer Script only. **PART-B** contains Objective type questions related to MCQ and SAQ of 1 mark each. The candidate has to answer in the QCAB only. **Total time of examination of each subject (both PART-A and PART-B) is 3 hours 15 minutes (For MUSIC, VISA, PHED and Vocational Subjects total time is 2 hours)**.

- b) **PART-A** এবং **PART-B** উভয়েই দুটি পৃথক পলিব্যাগে থাকবে এবং ঐ দুটি পলিব্যাগ একটি খামের ভিতর থাকবে।

প্রত্যেক বিষয়ে প্রশ্নপত্রের প্রতিটা খামের উপর বিশদ বিবরণীর ঠিক নীচের অংশে লেখা থাকবে যে খামটি সম্পূর্ণ বন্ধ ও সুরক্ষিত অবস্থায় পাওয়া গেছে এবং ভেনু সুপারভাইজার এবং কাউন্সিল নমিনি / যে কোন সিনিয়র ইনভিজিলেটরের যৌথ উপস্থিতিতে খামটি খোলার পরে “খামের উপরে দেওয়া বিবরণী অনুযায়ী ভিতরের প্রশ্নগুলি পাওয়া গেছে।” – এই শংসাপত্রে ভেনু সুপারভাইজার এবং কাউন্সিল নমিনি / যে কোন সিনিয়র ইনভিজিলেটরের স্বাক্ষর, তারিখ ও সময়সহ থাকতে হবে।

প্রধান কয়েকটি বিষয়ের খামের উপর ‘খাম নম্বর’ থাকবে অধিক নিরাপত্তার জন্য।

Both the **PART-A** and **PART-B** need to be packed in a single poly bag which will contain two separate poly bags — one having **PART-A** and other **PART-B**.

On each cover of every subject a detail is printed on it. Just below it, there will be printed that this cover is found sealed and intact and when opened in joint presence of Venue Supervisor and Council Nominee / any Senior Invigilator the contents were found as printed detail on the cover. Venue Supervisor and Council Nominee / any Senior Invigilator both will certify this with their signature, date and time.

'Cover No.' will be printed on the cover of some major subjects for more safety and security.

- c) **PART-B** প্রশ্নপত্রটি সিরিজ অনুযায়ী সাজানো আছে, যা পরীক্ষার্থীদের নির্দিষ্ট আসন বন্টন ব্যবস্থা (প্যাটার্ন অনুসরণযোগ্য) অনুসারে বণ্টিত হবে। একটি পরীক্ষা কক্ষে যে কোন একজন ইনভিজিলেটর **PART-B** প্রশ্নপত্রটি পরীক্ষার্থীদের বন্টন করবেন। **PART-B** প্রশ্নপত্রটির উপরে বামদিকে কোণে ছিদ্র করা আছে। যাতে পরীক্ষার্থী **PART-A**-র জন্য মূল উত্তরপত্রটির সাথে এটি একত্রে বেঁধে দিতে পারে।

PART-A প্রশ্নপত্রটির কোনো সিরিজ নেই, এটি পরীক্ষার্থীদের সাধারণভাবেই বন্টন করা যেতে পারে।

PART-B question papers are arranged in series which is to be distributed as per the seating arrangement (follow Pattern) of the candidates. In an examination hall, any one Invigilator will distribute PART-B question papers to the candidates. **PART-B** question papers are punched on the top left hand corner, so that the candidate has to attach with the main Answer Script related to **PART-A**.

PART-A question papers having no series may be issued to the

candidates as usual.

- d) **PART-A**-এর জন্য উত্তরপত্র পরীক্ষা শুরুর সময়ে ঘন্টা বাজার পর (বেলা ১০টায়) প্রথমেই বন্টন করতে হবে এবং পরীক্ষার্থীরা উত্তরপত্রে নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর লেখার পরে আসন বন্টন ব্যবস্থা অনুসারে **PART-B** প্রশ্নপত্র নির্দিষ্ট 'S' প্যাটার্নে বন্টন করতে হবে। তারপর **PART - A** প্রশ্নপত্র বিতরণ করতে হবে।

PART-A ও PART-B উভয় উত্তরপত্রে পরীক্ষার্থীদের অবশ্যই নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে এবং ইনভিজিলেটরকে স্বাক্ষর করতে হবে।

Answer script for **PART- A** are to be distributed first at the commencement of the examination following with **PART- A** and **PART-B** question papers which are to be distributed after 10:00 am (after ringing the bell) according to the seating arrangement table after filling Name, Roll Number and Registration Number by the candidates in the main Answer script. Candidates should fill up their Name, Roll Number, Registration Number in both PART -A and PART-B and Invigilator should sign on it.

- e) দয়া করে পরীক্ষার্থীকে নির্দেশ দিতে হবে যে তারা প্রশ্নসহ উত্তরপত্রিকাটি QCAB (PART-B) মূল উত্তরপত্রের সাথে সুতো দিয়ে যেন বেঁধে দেয়। এই কাজটি পরীক্ষা সমাপ্তির অন্ততঃ আধঘন্টা আগে ইনভিজিলেটরের সাহায্যে সম্পন্ন করতে হবে।

Kindly instruct the candidate to attach the QCAB (PART-B) with the main Answer Script with the help of thread. This has to be done at least **half an hour before** the completion of the examination with the help of Invigilator.

- f) পরীক্ষা সমাপ্তির আধঘন্টা পূর্বে পরীক্ষার্থীরা পরীক্ষাকক্ষ ত্যাগ করতে পারবে কেবলমাত্র তার **PART-A**-এর মূল উত্তরপত্র ও **PART-B** জমা দেওয়ার পরেই। পরীক্ষা সমাপ্তির পরে পরীক্ষার্থী কেবলমাত্র **PART-A** প্রশ্নপত্রটি পরীক্ষা কক্ষের বাইরে নিয়ে যেতে পারবে।

Candidates will be permitted to leave the examination **hall half an hour before** the completion of the examination, only after submitting the main answer script of **PART-A** and **PART-B**. The candidate is allowed to carry only **PART-A** question paper outside the examination hall after the completion of the examination.

- g) দয়া করে লক্ষ্য রাখবেন যে বহুবিকল্পভিত্তিক (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক (SAQ) প্রতিটি প্রশ্নের বাংলা, ইংরাজী ও হিন্দী/সাঁওতালি (কয়েকটি বিষয়ের) ভার্সানের জন্য একটি মাত্র বাক্স অথবা উত্তর দেওয়ার জন্য নির্দিষ্ট শূন্যস্থান দেওয়া আছে যাতে পরীক্ষার্থী তার পছন্দ অনুযায়ী ভাষায় (বাংলা বা ইংরাজী বা হিন্দী/সাঁওতালি) উত্তর দেবে।

Please Note that a common box / blank space for answer is provided against each MCQ and SAQ so that candidate could give answer as per his/her choice among Bengali, English and Hindi/Santhali version according to the student's options.

The candidate has to answer only in the box and space provided.

- h) আসন বণ্টন ব্যবস্থা এবং প্রশ্নপত্র বণ্টন – পরপৃষ্ঠায় দ্রষ্টব্য।

SITTING ARRANGEMENT AND QUESTION PAPER DISTRIBUTION

See on next page. |

- i) সেন্টার-ইন-চার্জের অনুমতি সাপেক্ষে প্রয়োজনে কোনো প্রতিবন্ধী পরীক্ষার্থী উপযুক্ত প্রমাণসহ ভেনুতে সহায়ক / শ্রতিলেখক নিয়ে প্রবেশ করতে পারে। সংসদের নিয়মানুযায়ী ঐ শ্রতিলেখকের শিক্ষাগত যোগ্যতামান সাধারণভাবে একাদশ শ্রেণীর বেশি হওয়া চলবে না।।

